তারিখ ... 29 SEP 2010 ...
পৃষ্ঠা 12 ... কলাম ...

সংবাদ

# মদনে পরীক্ষা কেন্দ্র বহালের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রতিনিধি, মদন (নেত্রকোনা)

নেত্রকোনার মদন সরকারি হাজী আব্দুল আজিজ খান ডিগ্রি কলেজের ডিগ্রি (পাস) পরীক্ষার কেন্দ্র ভেনু জোবাইদা রহমান মহিলা কলেজের পরিবর্তে তেলিগাতী ডিগ্রি কলেজ কেন্দ্রে স্থানান্তর করার প্রতিবাদে গত মঙ্গলবার ৪র্থ দিনের ন্যায় সড়ক অবরোধ, বিক্ষোভ মিছিল ও কলেজে তালা ঝুলিয়ে দিয়েছে আন্দোলনরত শিক্ষার্থীরা। এতে কলেজ সকল কার্যক্রমসহ লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। ২৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার পরীক্ষা অনুষ্ঠিত হলেও এখন পর্যন্ত শিক্ষার্থীরা প্রবেশ পত্র নেয়নি বলে কলেজ কর্তৃপক্ষ জানান। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত সড়ক অবরোধ করে রাখে আন্দোলনরত শিক্ষার্থীরা। এতে যাত্রী সাধারন যাতায়াতে চরম দূর্ভোগে পড়েন। সড়ক অবরোধ শেষে উপজেলা পরিষদের সামনে বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, পরীক্ষার্থী জসীম উদ্দিন ভূঁইয়া, আবু নওশাদ ভূইয়া, মফিজুর রহমান রিগান, হোসাইন আহম্মেদ, আব্দুল বারী হিরা, মুন্না, শফিক, হানিফ, দেবাশীষ, প্রমা, ঝুমুর, শাপলা, স্নিগ্ধা, প্রিয়াঙ্কা সরকার প্রমুখ। আন্দোলনরত শিক্ষার্থীরা জানায়, আমাদের দাবী না মানা পর্যন্ত কর্মসূচী অব্যাহত থাকবে।